দৈনিক সংবাদ

MAR 03 2002
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কাজ শুরু হয়নি

রাশেদ মেহেদী ॥ প্রতিষ্ঠার দু'বছর পার হলেও আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের কোন কাজ শুরু হয়নি। অর্থ বরাদ্দ, বাড়িভাড়া, জমি অধিগ্রহণ, ভিত্তিপ্রস্তর স্থাপন, সবকিছুই হয়েছে। শুধু মূল কাজ দেশের আঞ্চলিক ভাষা এবং বিভিন্ন দেশের মাতৃভাষা নিয়ে গবেষণামূলক কোন কাজ শুরু হয়নি। গত তত্ত্বাবধায়ক সরকারের আমলে ইনস্টিটিউটটিকে উত্তরা থেকে আরও সংক্ষিপ্ত পরিসরে শিক্ষা মন্ত্রণালয়ের তিনটি রুমে নিয়ে আসা হয়েছে। তবে ইনস্টিটিউটের নবনিযুক্ত পরিচালক বলেছেন, আগামী ২০০৪ সালের মধ্যে ইনস্টিটিউট তার গবেষণাকর্মসহ সমস্ত কাজ শেষ করবে।

উল্লেখ্য, ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি পাওয়ার পর ২০০০ সালের আগস্ট মাসে একটি প্রকল্প হিসেবে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট স্থাপন করা হয়। উত্তরায় একটি বাড়ি ভাড়া করে সেখানেই ইনস্টিটিউটের কার্যালয় স্থাপন করা হয়। প্রথম ধাপের কাজ সমাপ্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় ২০০২ সাল পর্যন্ত। এ জন্য বরাদ্দ করা হয় সাড়ে ১৯ কোটি টাকা। এই প্রকল্পের উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছিল দেশের লুপ্ত প্রায় আঞ্চলিক ভাষা ও বিভিন্ন দেশের মাতৃভাষা নিয়ে গবেষণা এবং এ বিষয়ে প্রকাশনা বের করা। প্রথম ধাপের কাজশেষে ইনস্টিটিউটটিকে স্থায়ী রূপ দেয়ার সিদ্ধান্তও নেয়া হয়েছিল সে সময়। এজন্য সেগুনবাগিচায় ৪ বিঘা জমি অধিগ্রহণ করে সেখানে ইনস্টিটিউটের স্থায়ী ভবনের ভিত্তিপ্রস্তরও স্থাপন করা হয় গত আওয়ামী লীগ সরকারের আমলে ২০০০ সালের আগস্ট মাসে। তবে নির্মাণকাজ এখনও শুরু হয়নি।